উপজেলা পরিষদ

জৈন্তাপুর, সিলেট।

উপজেলা পরিষদ, জৈন্তাপুর,সিলেট এর জানুয়ারি/২০২৫ইং মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : উম্মে সালিক রুমাইয়া, প্রশাসক, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
তারিখ : ০৯/০১/২০২৫ খ্রিষ্টাব্দ
সময় : দুপুর ১২.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট -ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট -খ

সভাপতি আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। অদ্যকার সভার কার্যপত্র মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। সংশোধনীঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, জৈন্তাপুর উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নের জন্য গত ১২/১২/২০২৪খ্রিঃ তারিখের মাসিক সভায় অনুমোদিত স্কীমের তালিকায় ভুল বশতঃ কৃষকদের মাঝে প্রনোদনা হিসাবে গমের বীজ সরবরাহ করণ লিখা হয়েছে। উক্ত প্রকল্পের স্থলে 'কৃষকদের মাঝে প্রনোদনা হিসাবে সরিষার বীজ সরবরাহ করণ' প্রতিস্থাপিত করে সংশোধন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীতে উল্লেখিত সংশোধনটি অনুমোদিত হয়। আর কোন রূপ সংশোধনী না থাকায় সভায় অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর,সিলেট।
০২	গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
০৩	বিভিন্ন রাজস্ব ব্যয় অনুমোদন	ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসারদের ডিসেম্বর/২৪ইং মাসের গ্যাস সিলিন্ডার ক্রয়ের বিল এবং আনসারদের বিদ্যুৎ বিল বাবদ সর্বমোট	ক) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত বিল সমূহ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।

		২,৪৯০/- (দুই হাজার চারশত নব্বই) টাকার বিলসহ নিয়মিত ও নির্ধারিত বিভিন্ন বিল সভায় উপস্থাপন করেন। সভায় উক্ত বিলসমূহ পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। খ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, ডেঙ্গু জ্বর প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বিতরণ ও বিভিন্ন ধরনের ডায়রী এবং নোটবুক বিতরনের বিল বাবদ সর্বমোট ৭৫,০০০/- (পচাঁত্তর হাজার) টাকার বিল হয়েছে। উক্ত বিল পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	খ) আলোচনান্তে ডেঙ্গু জ্বর প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বিতরণ ও বিভিন্ন ধরনের ডায়রী এবং নোটবুক বিতরনের বিল বাবদ সর্বমোট ৭৫,০০০/- (পচাঁত্তর হাজার) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল এর প্রকাশনা খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
০৪	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	ক) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ১৯নভেম্বর ২০২৪খ্রিঃ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৪৫. ২০.০০২.২৪-১৭৬ নং স্মারকে চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস,বাসা-বাড়ী, গ্যারেজ,অভ্যন্তরীন ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত উপখাত হতে ১ম কিস্তি টাকা হতে জৈন্তাপুর উপজেলার অনুকুলে ৩৯.০০(উনচল্লিশ) লক্ষ টাকা ছাড়ের মঞ্জুরী প্রদান করা হয়েছে। উক্ত মঞ্জুরীর প্রেক্ষিতে ১ম পর্যায়ে উপজেলা পরিষদের নিম্নোল্লেখিত প্রকল্প পাশে উল্লেখিত বরাদ্দ মোতাবেক বাস্তবায়ন করা যেতে পারে। ১) উপজেলা পরিষদের নিরাপত্তা ব্যষ্টনী কাঁটাতার পূর্ণ স্থাপন/মেরামত-৬,০০,০০০/- খ) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়যোগ্য প্রকল্পের টেন্ডার হতে ৫% লেস হতে সম্ভাব্য ৩,৩৩,০০০/- (তিন লক্ষ তেত্রিশ হাজার) টাকার প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত টাকা দিয়ে তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডেস্ক বেঞ্চ সরবরাহ করার প্রকল্প নেয়া যেতে পারে মর্মে জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ক) আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগের মঞ্জুরী পত্রের নির্দেশনা মোতাবেক উল্লেখিত প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়যোগ্য প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হবার পর সম্ভাব্য ৫% লেস দিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডেস্ক বেঞ্চ সরবরাহ করার প্রকল্প নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট। উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।
০৫	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, চলতি শিক্ষাবর্ষে ৫ম শ্রেনীর সকল বিষয়ের বই আসার বাকি আছে। অন্যান্য শ্রেনীর বই পেতে কিছুটা দেরী হচ্ছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।

০৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি উপজেলা একাডেমিক সুপারভাইজার সভাকে জানান যে, সরকার থেকে ২০১২ কারিকুলাম বাস্তবায়নের সিদ্ধান্ত নেয়া হয়েছে। চলতি শিক্ষাবর্ষে অনেক বিষয়ের বই আসার বাকি আছে। তারুন্যের উৎসব-২০২৫ শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে বাস্তাবায়ন করা হবে। নির্দেশনা মোতাবেক এ বিষয়ে অত্র উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানকে জানানো হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
০৭	উপজেলা মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, বর্তমানে ইলিশ রপ্তানি সম্পূর্ণভাবে নিষিদ্ধ। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
০৮	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তারুন্যের উৎসব-২০২৫ অত্র উপজেলায় উদযাপনের জন্য বিভিন্ন কর্মসূচী/সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। সভায় তিনি তারুন্যের উৎসব-২০২৫ উদযাপনের বিভিন্ন কর্মসূচী/সিদ্ধান্ত সংবলিত কার্যবিবরণী পাঠ করে শুনান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে তারুন্যের উৎসব-২০২৫ উদযাপনের বিভিন্ন কর্মসূচী/সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের অনুরোধক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্মকর্তা, চেয়ারম্যান, সকল ইউপি ও সংশ্লিষ্ট সকল, জৈন্তাপুর,সিলেট।
০৮	বিবিধ	ক) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, সারী ও অন্যান্য নদীর পার্শ্ববর্তী রাস্তা থেকে অনেক গর্যটক আসেন নদীর সৌন্দর্য উপভোগ করতে। উক্ত নদীসমূহের পার্শ্ববর্তী রাস্তার পাশে পর্যটকদের জন্য বসার স্থান নির্মান করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ক) আলোচনান্তে সারী ও অন্যান্য নদীর পার্শ্ববর্তী রাস্তার পাশে পর্যটকদের জন্য বসার স্থান নির্মান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, জৈন্তাপুর,সিলেট।
		(খ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করে প্রয়োজন। ওয়েব পোর্টাল আপডেট রাখতে সহকারী প্রোগ্রামার (আইসিটি) এর সহযোগিতা নেয়া যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(খ) আলোচনান্তে সহকারী প্রোগ্রামার (আইসিটি) এর সহযোগিতায় বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	বিভাগীয় প্রধান (সকল) ও সহকারী প্রোগ্রামার (আইসিটি) জৈন্তাপুর,সিলেট।

		(গ) চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি সভাকে জানান যে, দরবস্ত ইউনিয়নের ১নং ওয়ার্ডের গ্রাম পুলিশ দীর্ঘদিন থেকে না থাকায় ইউনিয়নের বিভিন্ন কাজে বিঘ্ন ঘটছে। দরবস্ত ইউনিয়নের ১নং ওয়ার্ডে গ্রাম পুলিশ নিয়োগের ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(গ) আলোচনান্তে দরবস্ত ইউনিয়নের ১নং ওয়ার্ডের গ্রাম পুলিশ নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় পত্র প্রেরণ পূর্বক ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর,সিলেট।
		(ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের তিনটি মার্কেট (উপমা-১,,২ ও ৩) এর ভাড়া পুণঃনির্ধারণ করে নতুন চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ঘ) আলোচনান্তে উপজেলা পরিষদের তিনটি মার্কেট (উপমা-১,,২ ও ৩) এর ভাড়া পুণঃনির্ধারণ করে সম্পাদিত নতুন চুক্তিপত্র মোতাবেক মার্কেট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর,সিলেট।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০১/২০২৫

উম্মে সালিক রুমাইয়া
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
জৈন্তাপুর, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১৫৩.০০৩.০৩.২০১৭.১৪.৪২/১(৪০) তারিখ : ০৯/ ০১ /২০২৪খ্রি.

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ,জৈন্তাপুর,সিলেট।
০৫। উপজেলা ---------- কর্মকর্তা (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৬। চেয়ারম্যান, ---------- (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৭। অফিস কপি।

০৯/০১/২০২৫

উম্মে সালিক রুমাইয়া
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

পরিশিষ্ট 'ক'

উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৫ ইং মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব ডাঃ মোঃ সাইফুল ইসলাম	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা	স্বাক্ষরিত
০২	জনাব মোঃ আবুল কালাম	উপজেলা নির্বাচন কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ সুলতান করিম	চেয়ারম্যান, ৩নং চারিকাটা ইউপি	স্বাক্ষরিত
০৪	জনাব মোঃ বাহারুল আলম বাহার	চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি	স্বাক্ষরিত
০৫	জনাব রফিক আহমদ	চেয়ারম্যান, ৫নং ফতেপুর ইউপি	স্বাক্ষরিত
০৬	জনাব রিয়াদ	ফায়ার সার্ভিস, জৈন্তাপুর	স্বাক্ষরিত
০৭	জনাব মোঃ সাইফুল ইসলাম	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	স্বাক্ষরিত
০৮	জনাব মোহাম্মদ শরীফ উদ্দিন	উপজেলা সমবায় কর্মকর্তা	স্বাক্ষরিত
০৯	জনাব মোঃ শাহ আলম	প্রতিনিধি (সুপারভাইজার), উপজেলা সমাজসেবা কর্মকর্তা	স্বাক্ষরিত
১০	জনাব মোঃ রফিকুল ইসলাম	উপসহকারী প্রকৌশলী (এলজিইডি)	স্বাক্ষরিত
১১	জনাব মোঃ আব্দুল খালিক	ফরেস্ট অফিসার	স্বাক্ষরিত
১২	জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন	সহকারী প্রোগ্রামার (আইসিটি)	স্বাক্ষরিত
১৩	জনাব সবিতা দেব	খাদ্য পরিদর্শক	স্বাক্ষরিত
১৪	জনাব তাসলিমা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	স্বাক্ষরিত
১৫	জনাব সজল চাকলাদার	আবাসিক প্রকৌশলী	স্বাক্ষরিত
১৬	জনাব মোঃ আবেদ হোসেন	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)	স্বাক্ষরিত
১৭	জনাব মোঃ মিজানুর রহমান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	স্বাক্ষরিত
১৮	জনাব মোঃ রুহুল আমিন	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	স্বাক্ষরিত
১৯	জনাব মোঃ আজিজুল হক খোকন	প্রতিনিধি (একাডেমিক সুপারভাইজার), উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	স্বাক্ষরিত
২০	জনাব অলিউর রহমান	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	স্বাক্ষরিত
২১	জনাব ডাঃ হাসিন আহমেদ চৌধুরী	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	স্বাক্ষরিত
২২	জনাব নোমান আহমদ	প্রতিনিধি (উপসহকারী কৃষি কর্মকর্তা), উপজেলা কৃষি কর্মকর্তা	স্বাক্ষরিত
২৩	জনাব মোঃ ইন্তাজ আলী	চেয়ারম্যান, ১নং নিজপাট ইউপি	স্বাক্ষরিত
২৪	জনাব ফখরুল ইসলাম	চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি	স্বাক্ষরিত
২৫	জনাব মোঃ আজিজুর রহমান	ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)	স্বাক্ষরিত

পরিশিষ্ট 'খ'

উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৫ ইং মাসের মাসিক সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

০১) চেয়ারম্যান, ৬নং চিকনাগুল ইউপি, জৈন্তাপুর,সিলেট।
০২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
০৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
০৪) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
০৫) জেনারেল ম্যানেজার, সিলেপ পল্লী বিদ্যুৎ সমিতি-২, জৈন্তাপুর,সিলেট।